গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) বিধিমালা, ২০১৩

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মে ২০১৩ খ্রিস্টাব্দ

## সূচিপত্র ঃ


১। বিধিমালার নাম ............ ০৫

২। সংজ্ঞা ............ ০৫

৩। প্রয়োগকারী কর্মকর্তার নিকট পারিবারিক সহিংসতার তথ্য প্রদান, ইত্যাদি ............ ০৬

৪। প্রয়োগকারী কর্মকর্তার দায়িত্ব ............ ০৬

৫। সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা ............ ০৭

৬। সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের দায়িত্ব ............ ০৮

৭। পুলিশ অফিসারের দায়িত্ব ............ ০৮

৮। আদালত বরাবর আবেদন করিবার পদ্ধতি ............ ০৯

৯। সুরক্ষা আদেশ লঙ্ঘনের বিরুদ্ধে আবেদন ............ ০৯

১০। মন্ত্রণালয়ের দায়িত্ব ............ ০৯

ফরম- ক ঃ

পারিবারিক সহিংসতার তথ্য বিবরণী ............ ১০

ফরম-খ ঃ

রেজিস্টার ............ ১৩

**ফরম-গ ঃ**
সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির আবেদন ফরম ............ ১৪

**ফরম-ঘ ঃ**
সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কার্যালয়ে সংরক্ষিত তথ্য রেজিস্টার ............ ১৫

**ফরম-ঙ ঃ**
থানায় সংরক্ষিত তথ্য রেজিস্টার ............ ১৬

**ফরম-চ ঃ**
আবেদন ফরম ............ ১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## প্রজ্ঞাপন

তারিখ ১৬ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ/২৯ এপ্রিল, ২০১৩ খ্রিঃ। এস,আর,ও নং ১১৬/আইন/২০১৩।- পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০ (২০১০ সনের ৫৮ নং আইন) এর ধারা ৩৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **বিধিমালার নাম**।- এই বিধিমালা পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) **"আইন"** অর্থ পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০ (২০১০ সনের ৫৮ নং আইন);

(খ) **"তথ্যকণিকা"** অর্থ পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষা সংক্রান্ত মন্ত্রণালয় কর্তৃক মুদ্রিত পুস্তিকা;

(গ) **"পারিবারিক সহিংসতা"** অর্থ আইনের ধারা ৩ এ পারিবারিক সহিংসতা অভিব্যক্তিটি যে অর্থে ব্যবহৃত হইয়াছে;

(ঘ) **"প্রয়োগকারী কর্মকর্তা"** অর্থ মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা সরকার কর্তৃক আইনের ধারা ৫ অনুসারে নিযুক্ত কোন কর্মকর্তা;

(ঙ) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোন ফরম;

(চ) **"মন্ত্রণালয়"** অর্থ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়; এবং

(ছ) **"সংক্ষুব্ধ ব্যক্তি"** অর্থ কোন শিশু বা নারী যিনি পারিবারিক সম্পর্ক থাকিবার কারণে পরিবারের অপর কোন সদস্য কর্তৃক পারিবারিক সহিংসতার শিকার হইয়াছেন বা হইতেছেন বা সহিংসতার ঝুঁকির মধ্যে রহিয়াছেন।

৩। **প্রয়োগকারী কর্মকর্তার নিকট পারিবারিক সহিংসতার তথ্য প্রদান, ইত্যাদি।**- (১) কোন সংক্ষুব্ধ ব্যক্তি বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তির যদি বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, পারিবারিক সহিংসতামূলক ঘটনা সংঘটিত হইয়াছে বা হইবার সম্ভাবনা রহিয়াছে, তাহা হইলে তিনি এখতিয়ারসম্পন্ন প্রয়োগকারী কর্মকর্তাকে ফরম-ক অনুযায়ী লিখিতভাবে, অথবা মৌখিকভাবে অথবা টেলিফোন, মোবাইল বা ই-মেইলের মাধ্যমে উক্ত ঘটনা সম্পর্কে অবহিত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত তথ্য প্রয়োগকারী কর্মকর্তা ফরম-খ রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন এবং উহার অনুলিপি সংক্ষুব্ধ ব্যক্তি বা তথ্য প্রদানকারীকে বিনামূল্যে সরবরাহ করিবেন।

৪। **প্রয়োগকারী কর্মকর্তার দায়িত্ব।**- (১) আইনের ধারা ৬ এর উপ-ধারা (১) এর দফা (ঞ) এর উদ্দেশ্যপূরণকল্পে এবং উক্ত ধারার সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া প্রয়োগকারী কর্মকর্তার নিম্নরূপ দায়িত্ব ও কর্তব্য থাকিবে, যথা:-

(ক) সংক্ষুব্ধ ব্যক্তিকে আইনে প্রদত্ত অধিকার ও প্রতিকারসমূহ সম্পর্কে অবহিতকরণ ও বিনামূল্যে তথ্যকণিকা প্রদান;

(খ) ফরম-ক পূরণে সংক্ষুব্ধ ব্যক্তি বা তাহার পক্ষে তথ্য প্রদানকারীকে, প্রয়োজনে, সহযোগিতা প্রদান;

(গ) সংক্ষুব্ধ প্রতিবন্ধী নারী ও শিশুর প্রতিবন্ধিতার বিষয়টি বিবেচনা করিয়া সহযোগিতার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;



(ঘ) আদালতের চাহিদা বা নির্দেশ মোতাবেক সহায়তা প্রদান;

(ঙ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সহায়তায় বা এককভাবে পারিবারিক সহিংসতার মামলার অগ্রগতির তদারকিকরণ।

৫। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা।**- (১) আইনের ধারা ৭ এর উপ-ধারা (১) এ উল্লিখিত কোন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আইনের অধীন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে কাজ করিবার তালিকাভুক্তির জন্য মন্ত্রণালয় বরাবরে ফরম-গ অনুযায়ী আবেদন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর মন্ত্রণালয় আবেদনকারী প্রতিষ্ঠানের উপযুক্ততা সম্পর্কে সন্তুষ্ট হইলে, উহাকে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্ত করিয়া অথবা তালিকাভুক্ত না করিবার কারণ থাকিলে উহার কারণ লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা বা না করার বিষয়টি অবহিত করিবে:

তবে শর্ত থাকে যে, কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে উহার বক্তব্য উপস্থাপনের সুযোগ না দিয়া উক্ত আবেদন প্রত্যাখান করা যাইবে না।

(৩) মন্ত্রণালয় সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের তালিকা বিভাগ বা জেলা ভিত্তিক প্রস্তুত করিয়া সকল প্রয়োগকারী কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করিবে এবং সংবাদপত্র ও মন্ত্রণালয়ের ওয়েব সাইটেও উহা প্রকাশের ব্যবস্থা করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রয়োগকারী কর্মকর্তা উক্ত তালিকা তাহার কার্যালয়ের নোটিশ বোর্ডে বা সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোন প্রকাশ্য স্থানে টানাইয়া রাখিবেন।

৬। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের দায়িত্ব**।- আইনের ধারা ৭ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত ধারার সামগ্রিকতাকে ক্ষুন্ন না করিয়া সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিম্নরূপ দায়িত্ব ও কর্তব্য থাকিবে, যথা:-

(ক) আইনের অধীন প্রদত্ত প্রতিকার ও সেবাসমূহ সম্পর্কে সংক্ষুব্ধ ব্যক্তিকে অবহিতকরণ;

(খ) মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত তথ্যকণিকা প্রচারের জন্য বিনামূল্যে বিতরণ;

(গ) ফরম-ক পূরণে সংক্ষুব্ধ ব্যক্তিকে সহযোগিতা প্রদান এবং ফরম-ঘ অনুযায়ী তথ্য লিপিবদ্ধকরণ ও সংরক্ষণ এবং উহার অনুলিপি সংক্ষুব্ধ ব্যক্তিকে বিনামূল্যে সরবরাহকরণ;

(ঘ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান উহার কর্মপরিধিভুক্ত সেবা প্রদানের লক্ষ্যে যথাযথ আইনানুগ পদক্ষেপ গ্রহণ এবং বিষয়টি নিকটবর্তী থানা এবং প্রয়োগকারী কর্মকর্তাকে অবহিতকরণ;

(ঙ) সংক্ষুব্ধ প্রতিবন্ধী নারী ও শিশুর প্রতিবন্ধিতার বিষয়টি বিবেচনা করিয়া প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(চ) বিধি ৪ এর দফা (ঘ) বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োগকারী কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা ও সহায়তা প্রদান।

৭। **পুলিশ অফিসারের দায়িত্ব**।- আইনের ধারা ৪ এর দফা (চ) এর উদ্দেশ্যপূরণকল্পে এবং উক্ত ধারার সামগ্রিকতাকে ক্ষুন্ন না করিয়া পুলিশ অফিসারের নিম্নরূপ দায়িত্ব ও কর্তব্য থাকিবে, যথা:-

(ক) পারিবারিক সহিংসতার সংবাদ প্রাপ্ত হইবার পর উহা ফরম-ঙ অনুযায়ী লিপিবদ্ধকরণ এবং উহার অনুলিপি সংক্ষুব্ধ ব্যক্তি বা, ক্ষেত্রমত, তথ্য প্রদানকারীকে সরবরাহকরণ এবং উক্ত ঘটনা সংশ্লিষ্ট প্রয়োগকারী কর্মকর্তাকে অবহিতকরণ;



(খ) পারিবারিক সহিংসতামূলক ঘটনাসংশ্লিষ্ট জিনিসপত্র ও প্রত্যাদিসহ আনুষঙ্গিক অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহকরণ;

(গ) প্রয়োগকারী কর্মকর্তার চাহিদা মোতাবেক পারিবারিক সহিংসতার ঘটনার তথ্য সংগ্রহে বা এতদ্সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রে প্রয়োগকারী কর্মকর্তাকে সহযোগিতা প্রদান।

৮। **আদালত বরাবর আবেদন করিবার পদ্ধতি**।- ধারা ১১ এর অধীন সংক্ষুব্ধ ব্যক্তি বা তাহার পক্ষে তথ্য প্রদানকারী, প্রয়োগকারী কর্মকর্তা বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ফরম-চ অনুযায়ী একজন আইনজীবীর মাধ্যমে আদালতে আবেদন দাখিল করিতে পারিবে।

৯। **সুরক্ষা আদেশ লঙ্ঘনের বিরুদ্ধে আবেদন**।- প্রতিপক্ষ কর্তৃক সুরক্ষা আদেশ বা উহার কোন শর্ত লংঘন করিলে সংক্ষুব্ধ ব্যক্তি বা তাহার পক্ষে কোন ব্যক্তি সুরক্ষা আদেশ লঙ্ঘনের বিরুদ্ধে সরাসরি সুরক্ষা আদেশ প্রদানকারী আদালতে অথবা প্রয়োগকারী কর্মকর্তার নিকট লিখিতভাবে আবেদন দাখিল করিতে পারিবেন এবং প্রয়োগকারী কর্মকর্তা উহা সংশ্লিষ্ট আদালতে দাখিল করিবেন।

১০। **মন্ত্রণালয়ের দায়িত্ব**।- মন্ত্রণালয় প্রয়োগকারী কর্মকর্তা, পুলিশ অফিসার, সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে।

ফরম- ক

[বিধি ৩(১), ৪(১)(খ) ও ৬(গ) দ্রষ্টব্য]

# পারিবারিক সহিংসতার তথ্য বিবরণী

তথ্য/অভিযোগ দাখিলের তারিখঃ

১. সংক্ষুব্ধ ব্যক্তির বিবরণঃ

| নাম ও বয়স | পেশা | [illegible] | পিতার/ স্বামীর নাম | মাতার নাম | স্থায়ী ঠিকানা | অংশীদারী বাসস্থান/ বর্তমান ঠিকানা | মোবাইল নম্বর (যদি থাকে) | প্রতিপক্ষের সহিত সম্পর্ক | পরিবারের সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

বিঃ দ্রঃ সংক্ষুব্ধ ব্যক্তি প্রতিবন্ধী হইলে, তাহার ধরন-

২. সংক্ষুব্ধ ব্যক্তির পক্ষে তথ্য প্রদানকারীর বিবরণ (যদি থাকে)ঃ

| নাম ও বয়স | পেশা | [illegible] | পিতার/ স্বামীর নাম | মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | মোবাইল নম্বর (যদি থাকে) | সংক্ষুব্ধ ব্যক্তির সহিত সম্পর্ক |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |



৩. প্রতিপক্ষ সম্পর্কিত তথ্যঃ

| নাম ও বয়স | পেশা | [illegible] | পিতার/ স্বামীর নাম | মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | সংক্ষুব্ধ ব্যক্তির সহিত সম্পর্ক | মোবাইল নম্বর (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

৪. সংক্ষুব্ধ ব্যক্তির সন্তান সম্পর্কিত তথ্য (যদি থাকে)ঃ

(ক) সন্তানের সংখ্যাঃ

(খ) সন্তানের বিবরণীঃ

| ক্রমিক নং | নাম | বয়স | লিঙ্গ | বর্তমানে কাহার তত্ত্বাবধানে আছে (নাম ও ঠিকানা) |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |

৫. পারিবারিক সহিংসতার ঘটনাঃ

| তারিখ, সময় ও স্থান | সহিংসতার ধরন: শারীরিক/ মানসিক/যৌন নির্যাতন বা আর্থিক ক্ষতি [প্রযোজ্য ক্ষেত্রে টিক (✓) দিন] এবং সংক্ষিপ্ত বিবরণ ও প্রয়োজনীয় কাগজাদি | মন্তব্য |
|---|---|---|
| | | |

৬. অন্য কোন আইনে প্রতিকার প্রার্থনা করা হইয়াছে কিনা?

| মামলার ধরন ও ধারা | পক্ষগণের নাম ও ঠিকানা | জিআর নম্বর, মামলা নম্বর, দায়েরের তারিখ, থানা ও আদালতের নাম | মামলাটির বর্তমান অবস্থা এবং পরবর্তী তারিখ |
|---|---|---|---|
| | | | |

৭. কোন ধরনের সহযোগিতা বা সেবা প্রয়োজন :

১। ..........................................

২। ..........................................

৩। ..........................................

৪। ..........................................

৮. সংযুক্তির তালিকা (প্রযোজ্যতা অনুযায়ী):

১। ..........................................

২। ..........................................

৩। ..........................................

৪। ..........................................

৫। ..........................................

সংক্ষুব্ধ ব্যক্তি/তথ্য প্রদানকারীর নামসহ
স্বাক্ষর/বৃদ্ধাঙ্গুলির ছাপ ও তারিখ

সাক্ষী:

১। ..........................................

২। ..........................................

ফরম পূরণে সহায়তা প্রদানকারীর নাম ও স্বাক্ষর:



ফরম-খ
[বিধি ৩(২) দ্রষ্টব্য]

## রেজিস্টার

কার্যালয়ের নাম ও ঠিকানা:

| ক্রমিক নম্বর | তথ্য প্রাপ্তির তারিখ ও সময় | সংক্ষুব্ধ ব্যক্তি/ তথ্য প্রদানকারীর নাম ঠিকানা ও মোবাইল নম্বর | প্রতিপক্ষের নাম ঠিকানা ও মোবাইল নম্বর | পারিবারিক সহিংসতার সংক্ষিপ্ত বিবরণ | অন্য কোন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে প্রেরণ সম্পর্কিত তথ্য | আদালতে প্রেরণ সম্পর্কিত তথ্য (মামলার নম্বর, তারিখ এবং মামলার বর্তমান অবস্থা) | পদক্ষেপ গ্রহণের বিবরণ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

প্রয়োগকারী কর্মকর্তার নাম ও স্বাক্ষর :

ফরম-গ

[বিধি ৫(১) দ্রষ্টব্য]

## সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির আবেদন ফরম

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১. প্রতিষ্ঠানের নাম :

২. প্রধান কার্যালয়ের ঠিকানা, ফোন নম্বর ও ই-মেইল :

৩. দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী ও ঠিকানা (ফোন নম্বরসহ):

৪. নিবন্ধন নম্বর এবং যে আইনের অধীন নিবন্ধিত উক্ত আইনের নাম:

৫. টিআইএন নম্বর:

৬. প্রতিষ্ঠানের মূল কাজ:

৭. যে সকল জেলায় সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কার্যক্রম রহিয়াছে:

৮. প্রতিষ্ঠানের শাখা অফিসের সংখ্যা:

৯. সেবা প্রদানের প্রকৃতি: (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)

১০. সেবার বিস্তারিত বিবরণ ও ধরন:

১১. তালিকাভুক্ত হইতে ইচ্ছুক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কিত অন্য কোন তথ্য

আবেদনকারীর স্বাক্ষর:

তারিখ :

সীল :

* তথ্যের প্রমাণস্বরূপ প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।



ফরম-ঘ

[বিধি ৬(গ) দ্রষ্টব্য]

## সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কার্যালয়ে সংরক্ষিত তথ্য রেজিস্টার

| ক্রমিক নম্বর | তথ্য প্রাপ্তির তারিখ ও সময় | সংক্ষুব্ধ ব্যক্তি/ তথ্য প্রদানকারীর নাম ঠিকানা ও মোবাইল নম্বর | প্রতিপক্ষের নাম ও ঠিকানা | পারিবারিক সহিংসতার সংক্ষিপ্ত বিবরণ | প্রয়োগকারী কর্মকর্তার নিকট প্রেরণের তারিখ | গৃহীত পদক্ষেপের বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী ও স্বাক্ষর

### ফরম-৪

[বিধি ৭(ক) দ্রষ্টব্য]

## থানায় সংরক্ষিত তথ্য রেজিস্টার

| ক্রমিক নম্বর | থানায় অবহিতকরণের তারিখ ও সময় | সংক্ষুব্ধ ব্যক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর | প্রতিপক্ষের নাম ও ঠিকানা | পারিবারিক সহিংসতার তথ্য বিবরণ | প্রয়োগকারী কর্মকর্তার নিকট প্রেরণের তারিখ | গৃহীত পদক্ষেপের বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী ও স্বাক্ষর



### ফরম-৫

[বিধি ৮ ও আইনের ধারা ১১ দ্রষ্টব্য]

## আবেদন ফরম

বিজ্ঞ .................................................. আদালত

পারিবারিক সহিংসতা মোকদ্দমা নং: ........................................./২০১.....

নাম :

পিতা/স্বামী :

মাতা :

ঠিকানা :

.................................................. আবেদনকারী / প্রার্থী

বনাম

নাম :

পিতা/স্বামী :

মাতা :

ঠিকানা :

.................................................. প্রতিপক্ষ (গণ)

আবেদনকারী প্রার্থীর পক্ষে বিনীত নিবেদন এই যে,

১. সংক্ষুব্ধ ব্যক্তি/সংক্ষুব্ধ ব্যক্তির পক্ষে তথ্য প্রদানকারী/প্রয়োগকারী কর্মকর্তা/সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন ২০১০ এর ১১ ধারা মোতাবেক পারিবারিক সহিংসতা সম্পর্কিত বিস্তারিত তথ্য বিবরণী।

২. প্রার্থিত প্রতিকার (সহিংসতার ধরন অনুযায়ী):

৩. প্রযোজ্য ক্ষেত্রে আইনের ধারা ১৫, ১৬ বা ১৭ এর বিধান অনুযায়ী অন্য কোন প্রতিকার:

এমতাবস্থাধীনে প্রার্থনা এই যে, বিজ্ঞ আদালত দয়া পরবশ হইয়া এই আবেদনে বর্ণিত অবস্থা ও কারণাধীনে বর্ণিত বিষয়, পারিবারিক সহিংসতা তথ্য বিবরণী ও সংযুক্ত কাগজাদি বিবেচনা করিয়া, উক্ত আবেদনে দাবীকৃত প্রতিকার প্রদানের এবং সংক্ষুব্ধ ব্যক্তিকে পারিবারিক সহিংসতা হইতে সুরক্ষার আদেশ এবং ন্যায় বিচারের স্বার্থে আদালতের মতে আইন ও ন্যায় মোতাবেক অন্য যে কোনো প্রতিকারের আদেশ প্রদানে মর্জি হয়।

স্থান :........................................ আবেদনকারী

তারিখ:........................................

## সত্যপাঠ

উপরোক্ত বিবরণী আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সত্য জানিয়া অদ্য ........................................ খ্রিস্টাব্দ তারিখে আমার নিয়োজিত আইনজীবীর সেরেস্তায় বসিয়া নিজ নাম স্বাক্ষর করিলাম।

সত্যপাঠকারী

রাষ্ট্রপতির আদেশক্রমে